এবার   রঙিয়ে গেল হৃদয়গগন সাঁঝের রঙে ।
আমার  সকল বাণী হল মগন সাঁঝের রঙে ॥
মনে লাগে দিনের পরে    পথিক এবার আসবে ঘরে,
        আমার  পূর্ণ হবে পুণ্য লগন সাঁঝের রঙে ॥
অস্তাচলের সাগরকূলের এই বাতাসে
ক্ষণে ক্ষণে চক্ষে আমার তন্দ্রা আসে ।
সন্ধ্যাযূথীর গন্ধভারে    পান্থ যখন আসবে দ্বারে
        আমার    আপনি হবে নিদ্রাভগন সাঁঝের রঙে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail